"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
www.kkcp.gov.bd

স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.১৮.০৫৮.২১- ৭৯৬ | তারিখঃ ০৪/০২/২০২৪খ্রিঃ

## অফিস আদেশ

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'কিশোর-কিশোরী ক্লাব স্থাপন' প্রকল্পের আওতায় সারা বাংলাদেশে সর্বমোট ৪৮৮৩ টি কিশোর-কিশোরী ক্লাব বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত হচ্ছে। এসব ক্লাবসমূহ জেলা পর্যায়ে উপপরিচালক ও উপজেলা পর্যায়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর এর সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে এবং তারা প্রকল্পের মাঠ পর্যায়ে ব্যয়ের ক্ষেত্রে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। ক্লাব কার্যক্রম পরিচালনার জন্য প্রতিটি ক্লাবে একজন করে সংগীত ও আবৃত্তি শিক্ষক এবং প্রতিটি উপজেলায় এক বা একাধিক জেন্ডার প্রমোটার রয়েছেন। এছাড়া জেলার উপপরিচালকের কার্যালয়ে এক বা একাধিক ফিল্ড সুপারভাইজর কর্মরত আছেন। প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও বাস্তবায়নের জন্য কর্মরত সংগীত ও আবৃত্তি শিক্ষক, জেন্ডার প্রমোটার এবং ফিল্ড সুপারভাইজরদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

### ১. সংগীত শিক্ষকঃ

(ক) ক্লাব সদস্যদেরকে একক/সমবেতভাবে সংগীত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবেন। এক্ষেত্রে সংগীতসমূহ উপজেলা নির্বাহী অফিসার/ উপপরিচালক/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নির্ধারণ করে দিতে পারেন। ক্লাবের প্রতিটি সদস্য যেন গান গাইতে পারে সে বিষয়ে তিনি সচেষ্ট থাকবেন।

(খ) সপ্তাহের যেদিন তিনি ক্লাবে উপস্থিত থাকবেন সেদিনের ক্লাব কার্যক্রম বিষয়ে ঐ ক্লাবের দায়িত্বপ্রাপ্ত জেন্ডার প্রমোটারকে অবহিত করবেন।

(গ) ক্লাব সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে উপজেলা নির্বাহী অফিসার/ উপপরিচালক/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক নির্দেশিত ক্লাব কার্যক্রম সংক্রান্ত অন্যান্য কাজেও সহায়তা এবং অংশগ্রহন করবেন।

### ২. আবৃত্তি/কন্ঠশীলন শিক্ষকঃ

(ক) ক্লাব সদস্যদের কন্ঠশীলন/আবৃত্তি বিষয়ে শিক্ষা প্রদান করবেন। এছাড়া ক্লাব সদস্যদের নিয়ে উপস্থিত বক্তৃতা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করবেন। এক্ষেত্রে কবিতাসমূহ এবং বিতর্কের বিষয়সমূহ উপজেলা নির্বাহী অফিসার/ উপপরিচালক/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নির্ধারণ করে দিতে পারেন।

(খ) সপ্তাহের যেদিন তিনি ক্লাবে উপস্থিত থাকবেন সেদিনের ক্লাব কার্যক্রম বিষয়ে ঐ ক্লাবের দায়িত্বপ্রাপ্ত জেন্ডার প্রমোটারকে অবহিত করবেন।

(গ) ক্লাব সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে উপজেলা নির্বাহী অফিসার/ উপপরিচালক/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক নির্দেশিত ক্লাব কার্যক্রম সংক্রান্ত অন্যান্য কাজেও সহায়তা এবং অংশগ্রহন করবেন।

### ৩. জেন্ডার প্রোমটারঃ

(ক) জেন্ডার প্রমোটারগণ প্রতি ক্লাব দিবসে ক্লাব সদস্যদের প্রকল্প অফিস থেকে সরবরাহকৃত প্রমিতমান পাঠ সামগ্রী (Standardized Adolescent Empowerment Package-SAEP) অনুসরণপূর্বক শিক্ষা প্রদান করবেন। এক ক্লাব থেকে অন্য ক্লাবের দূরত্ব বেশি না হলে তিনি প্রতি ক্লাব দিবসে একাধিক ক্লাবে পাঠদান করবেন।

(খ) প্রত্যেক জেন্ডার প্রোমোটার তার দায়িত্বপ্রাপ্ত ক্লাবসমূহের সংগীত/ আবৃত্তি শিক্ষকগণ ক্লাবে নিয়মিত উপস্থিত হচ্ছেন কিনা তা অবহিত হয়ে সংশ্লিষ্ট উপপরিচালক/ প্রোগ্রাম অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা -কে জানাবেন।

(গ) প্রতি মাসের শেষ কর্মদিবসে শিক্ষকদের হাজিরা সংশ্লিষ্ট উপপরিচালক/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ফিল্ড সুপারভাইজর বরাবর দাখিল করবেন।

(ঘ) তিনি যেদিন যে ক্লাবে অবস্থান করবেন তা সংশ্লিষ্ট ফিল্ড সুপারভাইজরকে অবহিত করবেন।

(ঙ) ক্লাব সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে উপজেলা নির্বাহী অফিসার/ উপপরিচালক/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক নির্দেশিত ক্লাব কার্যক্রম সংক্রান্ত অন্যান্য কাজেও সহায়তা এবং অংশগ্রহন করবেন।

**৪. ফিল্ড সুপারভাইজরঃ**

(ক) নিয়মিতভাবে প্রতি ক্লাব দিবসে এক বা একাধিক ক্লাব পরিদর্শন করবেন এবং প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর নিকট প্রকল্প অফিস থেকে প্রেরিত 'ছক' অনুযায়ী পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন।

(খ) ক্লাব পরিদর্শনে গিয়ে কোন অনিয়ম বা অসংগতি পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে তা প্রকল্প পরিচালক/ উপ-প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর -কে অবহিত করবেন। ক্ষেত্রমতে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকেও অবহিত করতে পারেন।

(গ) ফিল্ড সুপারভাইজরগণ দায়িত্বপ্রাপ্ত সকল ক্লাবের জেন্ডার প্রোমোটারদের কাজ মনিটরিং করবেন এবং প্রতি মাসের ১ (এক) তারিখে জেন্ডার প্রোমোটারদের হাজিরা সংশ্লিষ্ট উপপরিচালক/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিকট দাখিল করবেন।

(ঘ) ফিল্ড সুপারভাইজরগণ ক্লাব সংক্রান্ত যাবতীয় রিপোর্ট তৈরিতে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর -কে সহায়তা করবেন।

(ঙ) ক্লাব কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও বাস্তবায়নের স্বার্থে প্রকল্প অফিস/ উপজেলা নির্বাহী অফিসার ও উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নির্দেশিত অন্যান্য কাজেও সহায়তা এবং অংশগ্রহন করবেন।

08/02/2018

মো: লিয়াকত আলী
প্রকল্প পরিচালক (অ:দা:)
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

১। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
২। সহকারী পরিচালক, (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা),মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।(ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪। ফিল্ড সুপারভাইজার (সকল), জেন্ডার প্রমোটার (সকল), সংগীত ও আবৃত্তি শিক্ষক (সকল) কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প।
৫। অফিস কপি।